



পরিশিষ্ট  
**বিবিধার্থ-সংগ্রহ,**  
অর্থাৎ  
পুরাবৃত্তিহাস-পুণিবিধ্যা-শিল্প-সাহিত্যাদি-ব্যোক্তক মাসিক পত্র।  
[ ৪ পর্ব ] শকাব্দা ১৭৭৯, বৈশাখ । [ ৩৭ খণ্ড ]

**ভূমিকা।**

ধরোজয়তি! তাঁহার প্রসাদে আমরা অদ্য বিবিধার্থ-সংগ্রহে পুন-  
রায় প্রবৃত্ত হইলাম। উক্ত পত্রের  
প্রারম্ভ-সময়ে আমরা অক্ষমতা  
অল্পদশিতা প্রযুক্ত নানাবিধয়ে  
কুণ্ঠিত ছিলাম; কিন্তু সংস্কৃতের  
আশ্রয়ে ও পাঠকদিগের উৎসাহে  
অল্পকালমধ্যে সে কুণ্ঠতার দূরীকরণ  
হইয়াছিল। তিন বৎসরকাল  
অবধি যথানিয়ম বিবিধার্থ-সংগ্রহ  
প্রকটিত হইয়া সন্তোষাত্মক  
ব্যক্তির প্রেমাম্পদ হইয়াছে। তৎ-  
কালমধ্যে ভারতবর্ষের পুরাবৃত্ত-  
বিষয়ে অনেক বিবরণ পাঠকমণ্ডলীর  
সুগোচর হয়। ভূবনবিখ্যাত চন্দ্র  
ও সূর্য্য বাণেশ্বর মহিমা—প্রসিদ্ধ  
মহাঋষিগণের উপাখ্যান—শিখ  
পাঠান ভীল গোষ্ঠ প্রভৃতি নানা  
জাতির বিবরণ ও প্রাচীন তীর্থ-  
দিগবৃত্তান্ত—বিবিধার্থে নিচয়  
আন্দোলিত হইয়াছে। অদিকল্প  
পৃথিবীর প্রাকৃতিক অবস্থা, জোয়ার  
ভাঁটা বৃষ্টি বায়ু ভূমিকম্পাদি স্বভাব  
সিদ্ধরহস্যব্যাপার, জীবসংস্কার বিব-  
রণ, খাদ্য-স্রবোর উৎপত্তি, নীল  
সোরা লবণ রেশম শাল সূক্ষ্মবস্ত্রাদি  
বানিজ্য-স্রবোর উৎপাদন, প্রাচীন  
গ্রন্থের বিবরণ, নীতিগর্ভ উপদ্রাস,  
রহস্যব্যাঞ্জক আখ্যান, প্রভৃতি নানা  
বিধ বিষয়ের আলোচনায় বিবিধার্থ  
আপন নামের সার্থকতাসাধনে  
সর্বদা অমুরক্ত ছিল। তৎপাঠে  
কাত্যকেও বিরক্ত হইতে হয় নাই;  
কি পশ্চিত, কি বিষয়ি ব্যক্তি, কি

-২\*-